# প্রতিবন্ধীতা ও
# উন্নয়ন কর্মসুচী পরিচালনা নীতিমালা

জুলাই ২০২০

## ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

**প্রধান কার্যালয়**

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩



Aleya Akhtar Banu

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

১. ভূমিকা ঃ

বাংলাদেশ পৃথিবীর অন্যতম প্রাকৃতিক দূর্যোগ প্রবণ একটি দেশ। দূর্যোগ আমাদের এগিয়ে যাওয়ার পথে বড় অন্তরায়। প্রতি বছরই বাংরাদেশকে বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলা করতে হয়। প্রাকৃতিক দূর্যোগসমুহের মধ্যে বন্যা, খরা, শৈত প্রবাহ, নদী ভাঙ্গন, ঘূর্ণীঝড়, শিলাবৃষ্টি, জলোচ্ছাস, অতিবৃষ্টি, অনাবৃষ্টি অন্যতম। বাংলাদেশের উত্তরাঞ্চল, উত্তর-মধ্যমাঞ্চল তথা সিরাজগঞ্জ জেলা ও এর পাশ্ববর্তী জেলাসমুহ যেমন পাবনা, নাটোর, বগুড়া, জামালপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ ইত্যাদি যমুনা-পদ্মা অববাহিকায় অবস্থিত হওয়ায় এই সকল জেলাসমুহ বর্ণীত প্রাকৃতিক দূর্যোগে সমানভাবে বিপদাপন্ন। প্রতি বছরই আমাদের এই সমস্ত দূর্যোগ মোকাবেলা করতে হয়। ১৯৮৮ সালের স্মরণকালের ভয়াবহ বন্যা এবং পরবর্তী ১৯৯০ সালের বড় বন্যায় দেশের অন্যান্য এলাকার মত উত্তর জনপদ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। তৎকালিন সময়ে দেশি-বিদেশি বিভিন্ন সংস্থা বন্যাকালিন ও বন্যা পরবর্তী বিভিন্ন ধরণের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করে দূর্গত মানুষের দূর্দশা লাঘবের চেষ্টা করে। এনডিপির প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মোঃ আলাউদ্দীন খান সেইসময় দেশি-বিদেশি বিভিন্ন সংস্থার সাথে থেকে এলাকার দূর্গত মানুষের পাশে দাঁড়িয়েছিলেন। সেই সময়গুলিতে ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ করে দর্গত মানুষের দূর্গতি অনুধাবন করে তাঁর মনে হয়েছে এই ধরণের ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম দুঃস্থ মানুষের সীমাহীন সমস্যার ক্ষণস্থায়ী সমাধান হলেও এটা কখনই টেকসই কোন পদ্ধতি নয় এবং কার্যতঃ এই প্রক্রিয়ায় কখনই মানুষ দুর্দশা থেকে মুক্তি পাবেনা। তিনি অনুধাবন করলেন একটি সাংগঠনিক প্রক্রিয়ার যে প্রক্রিয়ায় দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানো যাবে তাৎক্ষনিক দূর্দশা লাঘবে এবং নিরবচ্ছিন্নভাবে কাজ করা যাবে ক্ষতিগ্রস্থ, শোষিত, বঞ্চিত প্রান্তজনকে উন্নয়নের মূল ধারায় নিয়ে এসে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ ও সমাজ বিনির্মানে যেখানে সমাজের প্রতিটি মানুষ অধিষ্ঠিত হবে মানবিক মর্যাদায়। এরই ধারাবাহিকতায় ১৯৯২ সালের ১লা জানুয়ারী প্রতিষ্ঠিত হয় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি একটি স্বেচ্ছাসেবী, অরাজনৈতিক, অমুনাফাভোগী, বেসরকারী উন্নয়ন সংস্থা যা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ ও সমাজ বিনির্মানে শোষিত, বঞ্চিত প্রান্তজনকে উন্নয়নের মূল ধারায় নিয়ে আসতে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। মানুষের মৌলিক অধিকার তথা খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ইত্যাদি ক্ষেত্রে মানুষকে মর্যাদাপুর্ণভাবে প্রতিষ্ঠিতি করার লক্ষ্যে এনডিপি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এনডিপি'র কর্মএলাকা বর্তমানে সিরাজগঞ্জ, নাটোর, পাবনা, বগুড়া, টাঙ্গাইল ও জামালপুর জেলায় বিস্তৃত। যমুনা-পদ্মা নদী ও চলন বিল বিধৌত এসব এলাকায় অনেক চরাঞ্চল ও পিছিয়ে পড়া জনপদ আছে যেখানে অসচেতনতা, অশিক্ষা, কুসংস্কার ইত্যাদি কারণে বহু প্রতিবন্ধী মানুষ জন্ম নিচ্ছে। মানবিক চেতনার অভাব ও প্রয়োজনীয় সূযোগ সূবিধা না থাকায় প্রতিবন্ধী জনগোষ্ঠি অযত্ন, অবহেলা ও নির্যাতনের শিকার হচ্ছে প্রতিনিয়ত। অনগ্রসর পিছিয়ে পড়া এলাকায় গর্ভকালিন, প্রসবকালিন, ও জন্ম পরবর্তী সময়ে প্রসুতি মায়ের যথাযথ পরিচর্যার অভাব, ভুল চিকিৎসা, ঔষধের ক্ষেত্রে সঠিক মান ও মাত্রা নিয়ন্ত্রন না করা, অদক্ষ ধাত্রী দ্বারা প্রসব করানো, পুষ্টি অভাব, পারিবারিক নির্যাতনের প্রভাব ও জন্মগতভাবে ও অজানা বহুবিধ কারণে অনেক শিশু প্রতিবন্ধী হয়ে জনম্নগ্রহণ করে থাকে। প্রতিবন্ধী জনগোষ্ঠি বিশেষত নারী ও বয়স্ক ব্যক্তিগণ সমাজে অবহেলার শিকার হচ্ছে সবচাইতে বেশি। অথচ একটু সচেতনতা, সহায়ক পরিবেশ সৃষ্টি করা, প্রতিবন্ধিদের প্রতি কিছুটা মানবিক আচরণ ইত্যাদি নিশ্চিৎ করা সম্ভব হলে প্রতিবন্ধী জনগোষ্ঠি অধিকাংশ ক্ষেত্রে সমাজের বোঝা না হয়ে সম্পদে পরিনত হতে পারে।

এই অবস্থার প্রেক্ষিতে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি তাঁর কর্ম এলাকায় প্রতিবন্ধিতা সম্পর্কে ব্যাপকভিত্তিক সচেতনতা সৃষ্টি, প্রতিবন্ধিদের জন্য মানবিক অধিকার নিশ্চিৎকরণ, প্রতিবন্ধিদের সরকারী-বেসরকারী বিভিন্ন সেবায় সংযোগ স্থাপন, চিকিৎসা সহায়তা সেবা, আয়-বৃদ্ধিমূলক কাজের প্রশিক্ষণ, আয়-বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণ ও সফলভাবে পরিচালনা ইত্যাদির মাধ্যমে প্রতিবন্ধী জনগণের পুনর্বাসন ও জীবনমান উন্নয়ন ও মূল ধারার নাগরিক হিসাবে তাঁদের পূর্ণ মর্যাদায় প্রতিষ্ঠিত করার লক্ষ্যে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসাবে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের অর্জিত আয় ব্যবহার করে "প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি" নামে একটি কর্মসূচি গ্রহণ করে ।



Aleya Akhtar Banu

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

২. **কর্মসূচির নাম ঃ** এই কর্মসুচীর নাম হবে প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি: (Disability and Development Programme-DDP)

৩. **কর্মসূচির লক্ষ্য ঃ** প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিকভাবে পুনর্বাসন ও জীবনমান উন্নয়ন।

৪. **কর্মসূচির উদ্দেশ্য ঃ**

৪.১ প্রতিবন্ধী জনগোষ্ঠির প্রকৃত মানবাধিকার প্রতিষ্ঠায় অবদান রাখা।

৪.২ প্রতিবন্ধী শিশুদের সামাজিকভাবে পূনর্বাসনের লক্ষ্যে বিশেষ শিক্ষা নিশ্চিৎ করা যেমন সামাজিক শিক্ষা, শারিরীক শিক্ষা, শরীর চর্চা শিক্ষা ইত্যাদি।

৪.৩ বিভিন্ন সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের সেবা প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তি ও শিশুদেও অভিগম্যতা নিশ্চিৎকরণ।

৪.৪ ভোটাধিকার প্রয়োগ, যোগাযোগ, চিকিৎসা, শিক্ষা ইত্যাদির ক্ষেত্রে অগ্রাধিকার নিশ্চিৎ করণ।

৪.৫ চাকুরী ক্ষেত্রে কোটা ব্যবস্থা নিশ্চিৎকরণ।

৪.৬ নেতৃত্বের বিকাশ ঘটানো।

৪.৭ জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করা।

৫. **কর্মকৌশল ঃ**

- প্রতিবন্ধী জনগোষ্ঠি খুঁজে বের করে তালিকাভূক্তকরণ, সচেতনতা বৃদ্ধি ও বিশেষায়িত শিক্ষা প্রদান।
- নির্দিষ্ট শিক্ষক এবং বিশেষায়িত শিক্ষা সহায়তা কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধি শিশুদের সামাজিক শিক্ষা প্রদান, বিনোদন ব্যবস্থা, শরীর চর্চা শিক্ষা সুবিধা, সচেতনতা শিক্ষা প্রদান।
- প্রাথমিক পুনর্বাসন থেরাপী।
- শিশু সর্গ পরিচালনার মাধ্যমে প্রতিবন্ধী শিশুদের বিশেষ সেবা প্রদান করা।
- চিকিৎসা সেবা ও রেফারেল ব্যবস্থা।
- বিভিন্ন সরকারী-বেসরকারী সেবা প্রদানকারীদের সাথে সংযোগ স্থাপন ও অন্তর্ভুক্তিকরণ।
- সকল কার্যক্রমে প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে সেবাদান প্রতিষ্ঠানের সাথে মিটিং/এ্যাডভোকেসি।
- সংস্থার পক্ষে একজন ফোকাল পয়েন্ট বিষয়গুলি নিয়মিত তদারক করবেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন।

৬. **কর্ম এলাকা ঃ** প্রাথমিকভাবে এই কমৃসুচীর কর্ম এলাকা হবে সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, বেলকুচি, চৌহালি, রায়গঞ্জ এবং তাড়াশ (০৫-পাঁচটি) উপজেলা। কার্যক্রমের কলেবর বৃদ্ধির সাথে সাথে এই কর্মসুচীর কর্মএলাকা বৃদ্ধি করা যাবে।

৭. **লক্ষিত জনগোষ্ঠি ঃ** প্রাথমিকভাবে এই কমৃসুচীর লক্ষিত জনগোষ্ঠি হবে সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, বেলকুচি, চৌহালি, রায়গঞ্জ এবং তাড়াশ উপজেলার ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে সকল সকল বয়সের নারী-পুরুষ প্রতিবন্ধী মানুষ, তালিকাভূক্ত ১,৭৬৫ জন।

৮. **কর্মসূচি বাস্তবায়নকাল ঃ** এই কর্মসূচি ২০০০ সাল থেকে বাস্তবায়িত হয়ে আসছে যা চলমান রাখার জন্যে সংস্থ্যা প্রতিশ্রুতিবন্ধ।

৯. **কার্যক্রম ঃ**

৯.১ জনবল (সহকারী ব্যবস্থাপক-০১ জন, কর্মসুচি সহায়ক-০১ জন, সোস্যাল কমিউনিকেটর-০১ জন ) নিয়োগ। যেহেতু চলমান কর্মসূচি সেহেতু যাঁরা আগে থেকে কাজ করছেন তাঁরাই ধারাবাহিক কাজে নিয়োজিত থাকবেন। যদি কোন কারনে পদ শুন্য হয় তবে শুন্যপদে লোক নিয়োগ করা হবে;

৯.২ প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন;

৯.৩ প্রতিবন্ধী জনগোষ্ঠি জরিপ ও তালিকাভূক্তি;

৯.৪ শিশু সর্গ স্থাপন;

৯.৫ অভিভাবক প্রশিক্ষণ;

৯.৬ কাউন্সেলিং (পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, সমাজ, নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ)

৯.৭ প্রতিবন্ধিদের সহায়ক উপকরণ বিতরণ (চেয়ার, স্পেশাল চেয়ার, অক্সিলারী ক্র্যাচ, এলবো ক্র্যাচ, ষ্ট্রেনথেনিং টেবিল, কর্ণার চেয়ার, চশমা, সাদাছড়ি, ট্রাই-সাইকেল ইত্যাদি);

৯.৮ শীতবস্ত্র বিতরণ;



Aleya Akhtar Banu

Md. Alauddin Khan
Executive Director

৯.৯ বিশেষায়িত শিক্ষার লক্ষ্যে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান;
৯.১০ সরকারী নিবন্ধন প্রাপ্তিতে সহায়তা প্রদান;
৯.১১ প্রতিবন্ধীদের আই.জি.এ প্রশিক্ষণ;
৯.১২ আইজিএ সহায়তা
৯.১৩ সার্ভিস চার্জ মুক্ত/ স্বল্প সার্ভিস চার্জে ঋণ বিতরণ;
৯.১৪ প্রাইমারী রিহ্যাবিলিটেশন থেরাপী;
৯.১৫ স্বাস্থ্য সেবা প্রদান;
৯.১৬ স্বাস্থ্য ক্যাম্প আয়োজন;
৯.১৭ বিনামূল্যে ঔষধ বিতরণ;
৯.১৮ রেফারেল সেবা;
৯.১৯ বিভিন্ন সরকারী-বেসরকারী দপ্তরের সাথে মিটিং/এ্যাডভোকেসী মিটিং/মিডিয়া এ্যাডভোকেসী;
৯.২০ বিভিন্ন সরকারী-বেসরকারী সেবা প্রদানকারীর সাথে সংযোগ স্থাপন;
৯.২১ মনিটরিং সুপারভিশন;
৯.২২ প্রতিবেদন প্রনয়ন, নিরীক্ষা ও মূল্যায়ন।

**১০. কর্মসূচির জনবল ঃ**
১০.০১ সহকারী ব্যবস্থাপক ঃ ০১ জন;
১০.০২ কর্মসূচি সহায়ক ঃ ০১ জন;
১০.০৩ সোস্যাল কমিউনিকেটর ঃ ০১ জন;
১০.০৪ কর্মসুচীর কলেবর বৃদ্ধির সাথে সাথে কর্মসুচীতে জনবল বৃদ্ধি করা যেতে পারে।

**১১. ফলাফল ঃ**
১১.০১ প্রতিবন্ধিতা বিষয়ে সংশ্লিস্ট অংশীজন সচেতন ও সংবেদনশীল হবে।
১১.০২ প্রতিবন্ধিগণ বিভিন্ন ক্ষেত্রে মর্যাদা ও অগ্রাধিকার পাবে।
১১.০৩ প্রতিবন্ধিদের চলাফেরা ও বিভিন্ন সেবা প্রাপ্তির ক্ষেত্রে অনুকুল পরিবেশ সৃষ্টি হবে।
১১.০৪ প্রতিবন্ধিদের কর্মসংস্থানের সৃষ্টি হবে।
১১.০৫ প্রতিবন্ধিতা বিষয়ে মানুষের আচরনগত দিকের পরিবর্তন হবে।
১১.০৬ প্রতিবন্ধিতার কারণ জানতে পারবে ফলে প্রতিবন্ধিতার হার কমবে।
১১.০৭ বিভিন্ন সেবায় প্রতিবন্ধিদের অভিগম্যতার হার বৃদ্ধি পাবে।
১১.০৮ প্রতিবন্ধী জনগোষ্ঠি মূল ধারার সাথে সম্পৃক্ত হয়ে তাঁদের জীবনযাত্রা মানের উন্নয়ন ঘটাতে সক্ষম হবে।
১১.০৯ প্রতিবন্ধী জনগণ সহায়ক উপকরণ প্রাপ্ত হয়ে তাদের কষ্ট লাঘবে সক্ষম হবে।
১১.১০ প্রতিবন্ধী জনগণ চিকিৎসা সুবিধা প্রাপ্ত হবে।
১১.১১ প্রতিবন্ধী জনগণ প্রতিবন্ধী কার্ড পাবে যার ফলে বিভিন্ন সেবা প্রাপ্তি সহজ হবে।
১১.১২ অধিক বিপদাপন্ন প্রতিবন্ধিগণ সামাজিকভাবে ও অর্থনৈতিকভাবে পুনর্বাসিত হবে।

**১২. নির্ধারিত বাজেট ও তহবিলের উৎস ঃ** এনডিপি ঋণ সহায়তা কর্মসূচীর নীট লভ্যাংশের টাকায় হবে এই এই কর্মসুচহীর মুল তহবিলের উৎস। এছাড়াও বিভিন্ন দাতা সংস্থ্যার সহায়তা ও অন্যান্য তহবিল থেকে সংগৃহিত টাকা এই কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে গ্রহণ ও ব্যয় করা যাবে। বিস্তারিত বাজেট বিবরণী সংযুক্তি আকারে দেখানো হলো।

**১৩. মনিটরিং ও সুপারভিশন ঃ** সহকারী ব্যবস্থাপক নিয়মিতভাবে কর্মসূচির কার্যক্রম তদারক করবেন, পর্যবেক্ষনে প্রাপ্ত অসঙ্গতিসমুহ দূরিকরণে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন ও নিয়মিত ফলোআপ করবেন। ফোকাল পয়েন্ট মাঝে মাঝে কর্মসূচি পরিদর্শন করে কর্মসূচির গুনগত মান বজায় রাখায় যথাযথ দিক নির্দেশনা দিবেন। প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা যেমন পরিচালক (কর্মসূচি), নির্বাহী পরিচালক মাঝে মাঝে কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করবেন ও যথাযথ মান অর্জনে দিকনির্দেশনা দিবেন। সংস্থার এম এন্ড ই ইউনিট থেকে নিয়মতান্ত্রিক পদ্ধতিতে পরিবীক্ষণ ও মূল্যায়নের কাজ পরিচালনা করা হবে।

**১৪. প্রতিবেদন প্রনয়ন, নিরীক্ষণ ও মূল্যায়ন ঃ** কর্মসূচির মাসিক প্রতিবেদন প্রনয়ন করা হবে। প্রধান কার্যালয় নিরীক্ষা বিভাগ কর্তৃক কর্মসূচির কার্যক্রম নিয়মিত নিরীক্ষা করা হবে। প্রতি বছর কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়ন করা হবে।

==o==



Aleya Akhtar Banu

Md. Alauddin Khan
Executive Director